

বুঁকিপূর্ণ ভবনে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম

২০০৫ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হইলেও ইহার অনেক স্থাপনাই পুরাতন ও জরাজীর্ণ। কেননা ঐতিহ্যবাহী এই শিক্ষাপ্রতিষ্ঠানটির গোড়াপত্তন হয় আসলে ১৮৫৮ সালে একটি স্কুল হিসাবে। স্কুল হইতে কলেজ এবং কলেজ হইতে বিশ্ববিদ্যালয় হিসাবে যাত্রা শুরু করা এই শিক্ষাপ্রতিষ্ঠানটির অবকাঠামোগত সুযোগ-সুবিধা আশানুরূপভাবে গড়িয়া উঠে নাই। তদুপরি অনেক ভবনই এখন বুঁকিপূর্ণ বলিয়া বিবেচিত। ফলে শিক্ষক-শিক্ষার্থীদের উৎসেগ-উৎকষ্টার অন্ত নাই। তৎসঙ্গেও বুঁকিপূর্ণ ভবনগুলিকে বুকিমুক্ত করিতে নাই কোনো উদ্যোগ। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) একটি পরিদর্শক দল ২০১৩ সালে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনটিকে 'অতি বুঁকিপূর্ণ' হিসাবে ঘোষণা করিয়াছিল। ইহার পর দুইটি ভূমিকক্ষে ভবনটি ক্ষতিগ্রস্ত হয়। তাহার পরও ভবনটিতে বিশ্ববিদ্যালয়ের সব ধরনের প্রশাসনিক কার্যক্রমই চলিতেছে। স্থিত এই ভবনটির বয়স ১০৮ বৎসর। ভবনটির চারিপাশে নিচ হইতে ছাদ পর্যন্ত প্রায় ১০টি বড় ফাটল থাকিলেও এখানেই অর্থ ও হিসাব দপ্তর, তথ্য ও প্রযুক্তি (আইটি) দপ্তর, জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর, উপাচার্যের কার্যালয়, কোষাধ্যক্ষের কার্যালয়, রেজিস্ট্রার দপ্তর ও সেকশন অফিসারদের কার্যালয়ের গুরুত্বপূর্ণ কাজ সম্পন্ন করা হইতেছে। ক্যান্ডেন পর পর রং ও প্লাস্টার করিয়া ফাটল লুকানো সম্ভব হইলেও বুকি হ্রাস করা যে সম্ভব হয় নাই, তাহা বলাই বাহ্যিক।

শুধু প্রশাসনিক ভবনই নহে, ইহা ছাড়া আরো তিনটি ভবনকে বুয়েটের বিশেষজ্ঞ দল বুঁকিপূর্ণ বলিয়া ঘোষণা করে। ভবনগুলি হইল— বিজ্ঞান ভবন, নৃতন একাডেমিক ভবন ও কলা ভবন। এইসকল ভবনেও রাহিয়াছে বড় বড় ফাটল। বিজ্ঞান ভবনের বেশির ভাগ কক্ষের ছাদের পালেন্টারা খসিয়া পড়িয়াছে। আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ট্রাইডিভ কথা জানি। যথাসময়ে হলটি সংস্কারের উদ্যোগ নেওয়া হইলে হয়তো এমন পরিবর্ত বরণ করিতে হইতে না। তাহা হইতে কোনো শুল্ক যে আমরা গ্রহণ করি নাই, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বুঁকিপূর্ণ ভবনগুলি দেখিলে তাহা সম্মত উপলব্ধ করা যায়। এইসকল ভবন বুকিমুক্ত করিতে কিংবা পুনর্নির্মাণে অবিলম্বে পদক্ষেপ গ্রহণ করা উচিত। তবে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য জানাইয়াছেন যে, নৃতন করিয়া প্রশাসনিক ভবনটিতে কোনো কাজ করা হইবে না। ইহা হেরিটেজের তালিকায় রয়িয়াছে। আর বর্তমান ক্যাম্পাসে নৃতন কোনো স্থাপনাও করা হইবে না। ইহার মাধ্যমে তিনি কেরানিগঞ্জে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের নৃতন ক্যাম্পাসে বিশ্ববিদ্যালয় স্থানান্তরের প্রতি ইঙ্গিত দিয়া থাকিতে পারেন। কিন্তু সেই নৃতন ক্যাম্পাস কবে গড়িয়া উঠিবে তাহাও কেহ জানেন না। যতদূর জানা যায়, সেখানে ২৬ বিঘা জমি অধিগ্রহণ করা হইলেও কোনো ভবনের ভিত্তিপ্রস্তরই স্থাপন করা হয় নাই। গত বৎসর একনেকের সভায় আরো জমি অধিগ্রহণের জন্য শিক্ষামন্ত্রীকে নির্দেশ দেওয়া হইলেও তাহারও কোনো গতি নাই। এখানে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের জন্য অন্তত একশত একর জমি প্রয়োজন। এই ব্যাপারে যেমন দ্রুত ও কার্যকর উদ্যোগ নেওয়া দরকার, তেমনি মূল ক্যাম্পাসের ভবনগুলি বুকিমুক্ত করিবার, প্রয়োজনীয়তাও অনয়িকার্য। হেরিটেজ বা ঐতিহ্য হিসাবে কোনো কোনো ভবন ধরিয়া রাখিতে হইলেও ইহার সংস্কারসাধন প্রয়োজন। এই ব্যাপারে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবশ্যই দ্রুত যথাযথ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।